যুগান্তর

তারিখ ১৪ FEB 2016
পৃষ্ঠা ২৬ কলাম ২

স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা

# আজ লাগাতার অবস্থান ধর্মঘটে যাচ্ছেন শিক্ষকরা

যুগান্তর রিপোর্ট

জাতীয় পে-স্কেলে বেতনভাতার দাবিতে ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা আজ লাগাতার অবস্থান কর্মসূচি শুরু করেছেন। জাতীয় প্রেস ক্লাবের সামনে দু'দিন ধরে অবস্থান ধর্মঘট শেষে শনিবার তারা এ ঘোষণা দেন। একই দাবিতে এসব শিক্ষক বৃহস্পতিবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্মারকলিপি দিয়েছেন। বাংলাদেশ স্বতন্ত্র ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির ব্যানারে এই আন্দোলন করছেন ইবতেদায়ি মাদ্রাসার শিক্ষকরা। এই সংগঠনের মহাসচিব কাজী মো. মোখলেছুর রহমান যুগান্তরকে বলেন, সারা দেশে ৬ সহস্রাধিক মাদ্রাসা আছে। এর মধ্যে দেশের ৫ হাজার ৩২৯টি ইবতেদায়ি মাদ্রাসার সাড়ে ২৬ হাজার শিক্ষক ২৯ বছর ধরে সরকারি বেতন-ভাতা পাচ্ছেন না। বাকি ১ হাজার ৫১৯টি একই ধরনের মাদ্রাসার শিক্ষকরা অবশ্য ভাতা হিসেবে গত ২ বছর ধরে মাসে ১ হাজার টাকা করে পাচ্ছেন। এর আগে পেতেন ৫০০ টাকা করে। এই পরিস্থিতিতে শিক্ষকদের আজ দেয়ালে পিঠ ঠেকে গেছে। তাই বাধ্য হয়েই আমরা এবার আন্দোলনে নেমেছি। দাবি আদায় না হওয়া পর্যন্ত আমরা ঘরে ফিরে যাব না।

শুক্র ও শনিবারের অবস্থান ধর্মঘটে প্রধান অতিথির বক্তৃতা করেন ইবতেদায়ি মাদ্রাসা শিক্ষক সমিতির উপদেষ্টা ও বাংলাদেশ মুসলিম নিকাহ রেজিস্ট্রার সমিতির মহাসচিব সাগর আহমেদ শাহীন। অন্যদের মধ্যে বক্তৃতা করেন মাদ্রাসা শিক্ষক সমিতির মহাসচিব কাজী মোখলেছুর রহমান, শিক্ষক নেতা নজরুল ইসলাম হিরণ, মাওলানা শাহজাহান, নুরুজ্জামান প্রমুখ।